# আদ্-দ্বীন ওয়েলফেয়ার সেন্টার

চাঁচড়া চেকপোষ্ট, পুলেরহাট, যশোর।

# নিয়োগ বিজ্ঞপ্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক সনদপ্রাপ্ত (সনদ নং- ০০০৯৬) সংস্থা আদ্-দ্বীন ওয়েলফেয়ার সেন্টার পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-এর আর্থিক সহযোগিতায় দেশের বিভিন্ন অঞ্চলে কমিউনিটি হেল্‌থ এন্ড মাইক্রোফাইনান্স কর্মসূচি পরিচালনা করে আসছে। উক্ত কর্মসূচিতে নিম্নোক্তপদে উদ্যোমী ও পরিশ্রমী লোক নিয়োগ করা হবে। (খুলনা ও রংপুর বিভাগের সকল জেলা, ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরীয়তপুর ও মাদারীপুর জেলা এবং রাজশাহী বিভাগের বগুড়া, সিরাজগঞ্জ, রাজশাহী, পাবনা ও নাটোর জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।)

**পদের নাম : সুপারভাইজার।**

**পদের সংখ্যা :** ১৫০ জন।

**বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা :** শিক্ষানবিশকালে মাসিক ১৬,০০০/- টাকা। শিক্ষানবিশকাল ৬ মাস। সফলতার সাথে শিক্ষানবিশকাল সমাপ্ত করতে পারলে সংস্থার নির্ধারিত বেতন কাঠামো অনুযায়ী মাসিক বেতনসহ প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুয়িটি ও উৎসব বোনাস প্রদান করা হবে। প্রাথমিক পর্যায়ে শাখা ব্যবস্থাপকের সহযোগী হিসেবে কাজ করতে হবে এবং পরবর্তীতে যোগ্যতার ভিত্তিতে শাখা ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি দেয়া হবে। এছাড়াও কর্ম দিবসে অফিস কর্তৃক দুপুরের খাবার ব্যবস্থা আছে।

**শিক্ষাগত যোগ্যতা :** স্নাতকোত্তর (এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কমপক্ষে জিপিএ-৩.৫০ সহ অন্যান্য পরীক্ষায় নূন্যতম জিপিএ-২.৫ থাকতে হবে)।

**অন্যান্য যোগ্যতা :** উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি, সুন্দর হাতের লেখা, সুস্বাস্থ্যের অধিকারী ও কঠোর পরিশ্রমী হতে হবে। নির্বাচিতদের প্রত্যন্ত অঞ্চলে মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা এবং **নিজ নিজ ধর্মীয় অনুশাসন মেনে চলার আগ্রহ থাকতে হবে।**

**বয়স :** সর্বোচ্চ ৩২ বছর।

**অন্যান্য শর্তাবলি :**

* খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
* ইতোপূর্বে উক্ত পদসমূহে যারা পরীক্ষায় অংশগ্রহণ করেছেন এবং যারা অধ্যয়নরত আছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
* মটরসাইকেল চালানো জানতে হবে।

**পরীক্ষার তারিখ, সময় ও স্থান :** মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।

আগ্রহী প্রার্থীদের নির্বাহী পরিচালক, আদ্-দ্বীন ওয়েলফেয়ার সেন্টার বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র (মোবাইল নম্বরসহ), ২ কপি রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি আগামী ৩১ জুলাই ২০২২ইং তারিখ রোজ রবিবার বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আদ্-দ্বীন ওয়েলফেয়ার সেন্টার, চাঁচড়া চেকপোষ্ট, পুলেরহাট, যশোর-এ ডাকযোগ/কুরিয়ার/হাতেহাতে পৌছাতে হবে।

**বিঃদ্রঃ বিস্তারিত জানতে ভিজিট করুন- www.addinwc.org**

- নির্বাহী পরিচালক